ই-মেইল/বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর
চট্টগ্রাম সমিতি ভবন (৩য় ও ৬ষ্ঠ-৮ম তলা)
৩২, তোপখানা রোড, ঢাকা-১০০০
website: www.dedo.gov.bd; e-mail: dg.dedo@yahoo.com

নথি নং-২(২২)/ইটি/ডেডো/২০১৬/০৬/ ৮৫৮ তারিখঃ ২২/১০/২০২৬

বিষয়ঃ ইনোভেশন টীম গঠন।

সূত্রঃ ১. জাতীয় রাজস্ব বোর্ডের (গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ) পত্র নং-০৮.০১.০০০০.০৮৬.০৮.০০১.১৬/অংশ-১/৪০৯, তাং-১৪/০৯/২০২৩খ্রি.।
২. জাতীয় রাজস্ব বোর্ডের (গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ) পত্র নং-০৮.০১.০০০০.০৮৬.০৮.০০১.১৬/অংশ-১/৪১০, তাং-১৪/০৯/২০২৩খ্রি.।

বর্ণিত বিষয় ও সূত্রীয় পত্র-১ এর সংশ্লেষে জানানো যাচ্ছে যে, কূটনৈতিক মিশন ও আন্তর্জাতিক সংস্থাসমূহের দাবীসমূহ অগ্রাধিকার ভিত্তিতে নিষ্পত্তি করা হচ্ছে। ইতোমধ্যে ক্র্যাশ প্রোগামের মাধ্যমে মাত্র ২৮ দিনে ২৬০০০ দাবী নিষ্পত্তি করা হয়েছে। তাছাড়াও এ দপ্তর হতে অংশীজনদের (Stakeholder) সহগ ও রিফান্ড/প্রত্যর্পণ প্রদান করা হচ্ছে। রিফান্ড/প্রত্যর্পণ প্রদান সহজীকরণ এবং দাবী দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে অত্র দপ্তর DEDOPay নামীয় একটি Apps তৈরী করেছে, যা বাস্তবায়নাধীন এবং এ বিষয়ে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের নিমিত্তে জাতীয় রাজস্ব বোর্ড এ পত্র প্রেরণ করা হয়েছে (সংযুক্তি-১)। DEDOPay অ্যাপসের কর্মপরিধি ও বৈশিষ্ট্য সদয় দ্রষ্টব্য (সংযুক্তি-২)।

২. সূত্রীয় ২নং পত্রের আলোকে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে ইনোভেশন টীম গঠন করা হলোঃ

| ক্রমিক নং | কর্মকর্তাগণের নাম ও পদবী | টীমে পদবী |
|---|---|---|
| ১ | জনাব মিয়া মোঃ নাজমুল হক, সহকারী পরিচালক | আহবায়ক |
| ২ | জনাব মোঃ জাকির হোসেন, রাজস্ব কর্মকর্তা | সদস্য |
| ৩ | জনাব ময়না খাতুন, সহকারী রাজস্ব কর্মকর্তা | সদস্য |
| ৪ | জনাব মীর নবীন একরাম, সহকারী প্রোগ্রামার | সদস্য সচিব |

মোহাম্মদ বেলাল হোসাইন চৌধুরী
মহাপরিচালক
ফোন ঃ ০২-৪১০৫২২৯৪

মহাপরিচালক
(গবেষণা পরিসংখ্যান অনুবিভাগ ও আহবায়ক, ইনোভেশন টিম)
জাতীয় রাজস্ব বোর্ড
গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ
শেরেবাংলা নগর,
আগারগাঁও ঢাকা।

নথি নং-২(২২)/ইটি/ডেডো/২০১৬/০৬/ তারিখঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থেঃ

১. জনাব মিয়া মোঃ নাজমুল হক, সহকারী পরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
২. জনাব মীর নবীন একরাম, সহকারী প্রোগ্রামার, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা (website এ আপলোডের জন্য অনুরোধ করা হলো)।
৩. গবেষণা কর্মকর্তা, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪. জনাব মোঃ জাকির হোসেন, রাজস্ব কর্মকর্তা, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
৫. জনাব ময়না খাতুন, সহকারী রাজস্ব কর্মকর্তা শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।

(কানিজ ফারহানা শিমু)
উপ পরিচালক

Kanchon/E/ET/Letter-Board

সংযুক্তি-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর
চট্টগ্রাম সমিতি ভবন (৩য় ও ৬ষ্ঠ-৮ম তলা)
৩২, তোপখানা রোড, ঢাকা-১০০০
website: www.dedo.gov.bd; e-mail: dg.dedo@yahoo.com

নথি নং-০১(ড)/ডেডো/অ্যাপস/২০২২/০৬/ ৪৬৭

তারিখঃ ৪/১০/2022

বিষয়ঃ 'ডেডোপে' অনলাইন সফটওয়্যার ও অ্যাপস প্রস্তুতির অনুমোদন ও বাজেট বরাদ্দকরণ।

সূত্র ঃ ১. UNHCR এর পত্র নং-BGDCO/HCR/FIN/2022/00013, তাং-২০/০২/২০২২; ২. UNICEF এর পত্র নং-BDFIN/Feb22/DG, তারিখঃ-২২/০২/২০২২;
৩. WALTON Hi-Tech Ind. Ltd. এর ২৪/০২/২০২২ তারিখের পত্র; ৪. Zaber & Zubair Fabrics Ltd. এর ২৭/০২/২০২২ তারিখের পত্র;
৫. LFMEAB এর পত্র নং-এলএফএমইএবি/ডেডো/ওয়েবসাইট/অনলাইন/৪০/২০২২, তারিখ: ১০/০৩/২০২২; ৬. Texture Software Technology Ltd. এর ২৫/০৪/২০২২ তারিখের ই-মেইল; ৭. Archpath Solution এর ২৫/০৪/২০২২ তারিখের ই-মেইল; ৮. Rite Solutions Ltd. এর ২৫/০৪/২০২২ তারিখের ই-মেইল; ০৯. জাতীয় রাজস্ব বোর্ডের রাজস্ব পর্যালোচনা সভার কর্যবিবরণী নং-০৮.০১০০০০.০১১.০৯.০০৭.২০(অংশ-১)-২১০, তারিখ ০৬/০৪/২০২২;

মহোদয়,

বর্ণিত বিষয় ও সূত্রের সংশ্লেষে দেশী-বিদেশী অংশীজনের উপর্যুপরি অনুরোধের প্রেক্ষিতে রিফান্ড দাবী অনলাইনে আবেদন ও নিষ্পত্তির জন্য একটি 'ক্লেইম অটোমেশন ম্যানেজমেন্ট সফটওয়্যার' 'ডেডোপে' তৈরির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ অ্যাপসের মাধ্যমে বিদেশী দূতাবাস, সংস্থাগুলো এবং স্থানীয় রপ্তানিকারক অনলাইনে তাদের রিফান্ড আবেদন করতে এবং রিয়েল টাইমে আবেদনের স্থিতি ট্র্যাক করতে পারবে। অ্যাপসটি স্বয়ংক্রিয়ভাবে অনলাইনে জমা দেওয়া আবেদন প্রক্রিয়া করতে পারবে, টিআর চালান যাচাই, মেয়াদ ও পুনরাবৃত্ত চালান যাচাই করতে পারবে।

০২। এছাড়া, এ অ্যাপস ব্যবহার করে যাচাই-বাছাই, মতামত, আপত্তি, মেইল প্রেরণ ও নোটশীট জেনারেট করে রিফান্ড আবেদন নিষ্পত্তি করা সম্ভব হবে।

ক) রিফান্ডের পরিসংখ্যান, দাবি নিষ্পত্তি, সংস্থা অনুযায়ী রিপোর্টিং এমআইএস রিপোর্ট ব্যবহারকারীর কর্মক্ষমতা রিপোর্ট ইত্যাদি সিস্টেম থেকে তৈরি করা যাবে।

খ) ব্যবহারকারী মোবাইল অ্যাপস এবং ওয়েবসাইট ব্যবহার করে অনলাইনে আবেদন জমা দিতে হবে এবং অনলাইনের মাধ্যমে আবেদনের স্থিতি ট্র্যাক করতে সক্ষম হবেন।

গ) এটি একাধিক ফেরত প্রদান, প্রতারণামূলক দাবী সনাক্তকরণ প্রতিরোধ নিশ্চিত করবে। সিষ্টেমে সর্বাধুনিক প্রযুক্তি ও শক্তিশালী তথ্য নিরাপত্তা ব্যবস্থা ব্যবহার করা হবে।

ঘ) এ অ্যাপস চালুর ফলে অত্র দপ্তরের কাজ দ্রুত এবং সহজ হবে। এতে বিদেশী সংস্থা এবং দূতাবাসসমূহের কাজে দেশের ভাবমূর্তি উজ্জ্বল হবে।

০৩। গত ৩১/০৩/২০২২খ্রি. তারিখে সফটওয়্যার ও ডেডোপে অ্যাপস চেয়ারম্যান মহোদয় ও উর্ধ্বতন কর্মকর্তাগণ রাজস্ব সভায় দেখেছেন। অ্যাপসটি সভায় প্রশংসা পায়। সূত্রীয় পত্র ৯ এর জাতীয় রাজস্ব বোর্ডের রাজস্ব সভার কার্যবিবরণীর অনুচ্ছেদ ১৫ অনুযায়ী ''সেবা গ্রহণ প্রক্রিয়া সহজিকরনে শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর কর্তৃক Web Based Online Platform এর মত উদ্যোগ অন্যান্য সকল কমিশনারেট নিজস্ব পদ্ধতিতে গ্রহণ করতে পারে''।

০৪। এ বিষয়ে কয়েকটি প্রতিষ্ঠানের কাছ থেকে প্রাপ্ত ই-মেইল (কপি সংযুক্ত) হতে পর্যালোচনায় দেখা যায়, এ অ্যাপসটি নির্মাণ ও সম্পূর্ণ কর্মক্ষম করতে প্রায় ৪০ লক্ষ টাকা খরচ হবে। উল্লেখ্য, সফটওয়্যার ও অ্যাপস তৈরীতে ব্যয় নির্বাহের জন্য প্রযোজ্য অর্থনৈতিক কোডে বরাদ্দ নেই। সংশ্লিষ্ট অর্থনৈতিক কোড-৪১১৩৩০১।

০৫। বর্ণিতাবস্থায়, বর্তমানে প্রস্তুতকৃত অ্যাপসটি অদ্যাবধি জাতীয় রাজস্ব বোর্ডের সদয় অনুমোদন ও বাজেট বরাদ্দের অপেক্ষায় রয়েছে। 'ডেডোপে' সফটওয়্যার ও অ্যাপস নির্মাণ ও সচলের ব্যয় নির্বাহের জন্য ন্যূনতম ৪০ লক্ষ টাকা বরাদ্দ দেওয়ার জন্য সবিনয় অনুরোধ করা হলো।

04/10/2022

মোহাম্মদ বেলাল হোসাইন চৌধুরী
মহাপরিচালক
ফোনঃ ০২-২২৩৩[illegible]৫৪৪

সদস্য (মূসক নিরীক্ষা)
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

সংযুক্তি-২

# একনজরে DEDOPay অ্যাপস

শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তরে রিফান্ড/প্রত্যর্পণ প্রদান, অন্যতম প্রধান কাজ। রিফান্ড/প্রত্যর্পণ প্রদানে বর্তমানে প্রচলিত নিয়মে আবেদন থেকে শুরু করে নিষ্পত্তি পর্যন্ত বেশ কিছু কার্যক্রম সম্পাদন করতে হয়। বিভিন্ন পর্যায়ে অনেকগুলি ধাপে রিফান্ড কর্মকান্ড সম্পন্ন হয়ে থাকে। ম্যানুয়ালি রিফান্ড/প্রত্যর্পণ প্রদানের ক্ষেত্রে দাখিলকৃত দাবীর সাথে সংযুক্ত দলিলাদি যাচাই-বাছাই অনেক কালক্ষেপন হয়ে থাকে। বিদেশী মিশন ও সংস্থার জন্য এটি কষ্টসাধ্য ও বিড়ম্বনাকর। সার্বিক কর্মকান্ড সহজীকরণ ও দ্রুততম সময়ে রিফান্ড প্রদানের নিমিত্তে মহাপরিচালক ডেডোপে অ্যাপস তৈরির সিদ্ধান্ত গ্রহণ করেন। আলোচ্য সিদ্ধান্তের আলোকে দেশী ও বিদেশী বিশেষজ্ঞের পরামর্শক্রমে এবং বিভিন্ন পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সহায়তায় আইটি বিশেষায়িত প্রতিষ্ঠান কর্তৃক DEDOPay অ্যাপসটি তৈরি করা হয়েছে।

## DEDOPay অ্যাপস এর বৈশিষ্ট্য ও কর্মপরিধি :

১. **ব্যবহার :**

- ক) নির্দিষ্ট ব্যবহারকারীগণ ওটিপি ব্যবহারপূর্বক অ্যাপসটি ব্যবহার করতে পারবেন।
- খ) নির্দিষ্ট ই-মেইল ও পাসওয়র্যাড ব্যবহার করে অ্যপসটি চালাতে হবে এবং পাসওয়ার্ড ভুলে গেলে পুণরায় নতুন পার্সওয়ার্ড প্রদান করা যাবে।
- গ) ডেডো'র ওয়েবসাইট থেকে আলোচ্য অ্যাপস চালু করা যাবে।
- ঘ) অ্যাম্বাসী/বিভিন্ন দেশী/বিদেশী সংস্থা/প্রতিষ্ঠান এ অ্যাপসের মাধ্যমে তাঁদের দাবী অনলাইনে দাখিল করতে পারবে।

২. **রিয়েল টাইম ফিডব্যাক :**

- ক) আবেদন দাখিলের অব্যবহতি পর মেইলের মাধ্যমে দাবী দাখিলের বিষয়টি নিশ্চিত হতে পারবে।
- খ) কোন দলিলাদি দাখিল না করা হলে কিংবা দলিলাদি সঠিক না হলে তা তাৎক্ষনিকভাবে ইমেইলে জানিয়ে দেয়া যাবে।
- গ) এটি রিয়েল টাইমে আবেদনের স্থিতি ট্র্যাক করতে পারবে।

৩. **তথ্য-উপাত্ত যাচাই :**

- ক) এর মাধ্যমে ভাউচার পরীক্ষা করা যাবে।
- খ) অনলাইনে ভ্যাট চালান ভেরিফিকেশন করা যাবে।
- গ) অটোমেটেড নোটশীট তৈরি যাবে।

৪. **দাপ্তরিক ব্যবহার :**

- ক) সহকারী রাজস্ব কর্মকর্তা থেকে সর্বোচ্চ অথরিটি পর্যন্ত বিভিন্ন পর্যায়ের অনুমোদন অনলাইনে নেয়া যাবে।
- খ) এ অ্যাপস এর মাধ্যমে আবেদন যাচাই-বাছাই, মতামত, আপত্তি, মেইল প্রেরণ ও নোটশীট জেনারেট করে রিফান্ড আবেদন নিষ্পত্তি করা সম্ভব হবে।

৫. **পরিসংখ্যান সংরক্ষণ :**

এ অ্যাপস ব্যবহার করে রিফান্ডের পরিসংখ্যান, দাবী নিষ্পত্তি, সংস্থা অনুযায়ী রিপোর্টিং, এমআইএস রিপোর্ট, ব্যবহারকারীর কর্মক্ষমতা রিপোর্ট ইত্যাদি তৈরি করা যাবে।

৬. **ভবিষ্যৎ পরিকল্পনা :**

ভবিষ্যতে সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রতিষ্ঠানের প্রত্যর্পণ আবেদন নিষ্পত্তির মডিউল এ অ্যাপসে অন্তর্ভূক্ত করা হবে এবং জাতীয় রাজস্ব বোর্ড থেকে এটি মনিটরিং নিশ্চিত করার প্রয়োজনীয় এক্সেস পয়েন্ট তৈরি করা হবে।

**মূলকথা: আলোচ্য অ্যাপস ব্যবহারের মাধ্যমে মাত্র কয়েক ঘন্টায় দাবী দাখিল থেকে নিষ্পত্তির যাবতীয় কর্মকান্ড সম্পাদন করা সম্ভব হবে।**

Kanchon/E/ET/Letter-Board

২২.১০.২০২৩
কানিজ ফারহানা শিমু
উপপরিচালক
শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর
ঢাকা।